ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

মুজিব শতবর্ষ ১০০

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২২. ৬৯৬৮

তারিখঃ ৩১ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
১৪ মে, ২০২২ খ্রিস্টাব্দ

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি" (ক্যাশিয়ার ও লাইন টেকনিশিয়ান)

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরনের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নামঃ ক্যাশিয়ারঃ

প্রার্থীর যোগ্যতাঃ

(ক) সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিত ভাবে ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) প্রার্থীকে কম্পিউটার এবং অফিসের অন্যান্য সরঞ্জামাদি পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে সক্ষম হতে হবে।

(গ) প্রতি মিনিটে বাংলায় ১০ ও ইংরেজীতে ৩০ শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে।

(ঘ) সহকারী ক্যাশিয়ার পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন রেটিং ৩.৫০ থাকতে হবে।

(ঙ) পদোন্নতির ক্ষেত্রে পাবনা পবিস-১ এর "পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)" ও পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর বিধি বিধান প্রতিপালন করা হবে।

পদের নামঃ লাইন টেকনিশিয়ানঃ

প্রার্থীর যোগ্যতাঃ

(ক) পবিস নির্দেশিকা ৩০০-৮ অনুযায়ী লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে (তবে মোট চাকুরীকাল কমপক্ষে ১০ (দশ) বছর হতে হবে)।

(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে।

(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালাসহ জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।

(ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।

(চ) লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।

(ছ) লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং প্রতি বছর ৩.৫০ থাকতে হবে।

(জ) পদোন্নতির ক্ষেত্রে পাবনা পবিস-১ এর "পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)" ও পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর বিধি বিধান প্রতিপালন করা হবে।

অন্যান্য শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (খ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত আবেদন পত্রসহ **আগামী ০৪-০৬-২০২২খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় (ক্যাশিয়ার পদের জন্য) এবং সকাল ১১:০০ ঘটিকায় (লাইন টেকনিশিয়ান পদের জন্য) পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা সদর দপ্তর এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।**

০২। **আবেদন পত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি।

(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ ও ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।

(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।

(ঘ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।

(ঙ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি। **(লাইন টেকনিশিয়ান পদের জন্য)**

(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(জ) সকল কাগজপত্র এজিএম (এইচ আর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না;**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতরে একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য তিনবার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **"চলতি দায়িত্ব"** পদে নিয়োগ দেয়া হবে। **"চলতি দায়িত্ব"** চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৫। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের মধ্য হতে জৈষ্ঠ্যতা অনুসারে প্যানেল জরা হবে। পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী জৈষ্ঠ্যতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

০৬। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৭। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয় তবে **(ক্যাশিয়ার পদের জন্য)** অত্র পবিসের ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের এবং **(লাইন টেকনিশিয়ান পদের জন্য)** পাবনা জেলার স্থায়ী বাসিন্দারের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। পবিস চাকুরীবিধি ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

০৯। অত্র পবিসে কর্মরত কোন কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

১০। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

14.05.22
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------ পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম (কারিগরী)/দাশুড়িয়া/আটঘরিয়া/ভাংগুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৬। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/আইটি), পাবনা পবিস-১।
০৯। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।

14.05.22
জেনারেল ম্যানেজার
পাবনা পবিস-১